জন্ম এবং দৈক্ষ্য অর্থাৎ যজ্ঞকর্ম্মে দীক্ষাগ্রহণান্তর যে জন্ম—এই তিন প্রকারের জন্ম বুঝিতে হইবে। ব্রত অর্থ ব্রহ্মচর্য্য। ক্রিয়া বলিতে কর্ম্ম এবং দাক্ষ্য বলিতে তদ্বিষয়ক নিপুণতা বুঝিতে হইবে। এই পর্য্যন্ত শ্রীধরস্বামীপাদের টীকার ব্যাখ্যা করিয়া পুনরায় এই কথাটিকে দৃঢ় করিবার জন্য প্রচেতাগণের প্রতি দেবর্ষি নারদের বাক্যগুলিকে উল্লেখ করিতেছেন, যথা—"কিংজন্মভিস্ত্রিভিঃ" ইত্যাদি ৪।৩১।১০। পূর্ব্বে এইসকল শ্লোক উল্লেখপূর্ব্বক ব্যাখ্যা করা হইয়াছে। এইসকল শ্লোকের ভাবার্থ এই যে—যত কিছু সাধন ও গুণ মনুষ্যের আছে, তাহাতে যদি ভগবৎসম্বন্ধ না থাকে, তবে সে সকল ব্যর্থ হইয়া যায়॥ ১০১॥

শ্রীভগবৎসমর্পিতকর্ম্মণোঽপ্যনাদরেণ তু দর্শিতম্‌তস্মাদেকেন মনসেত্যাদি। গীতোপনিষৎসু চ ভক্ত্যসামর্থ্য এব তদ্বিহিতম্—ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়। নিবসিষ্যসি ময্যেব অতউর্দ্ধং ন সংশয়ঃ। অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্। অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয়। অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎকর্ম্মপরমো ভব। মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি। অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্‌যোগমাশ্রিতঃ। সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্। ইতি। অত্র পাদ্মকার্ত্তিকমাহাত্ম্যেতিহাসোঽনুসন্ধেয়ঃ। চোলদেশরাজস্য কস্যচিদ্বিষ্ণুদাসনাম্না বিপ্রেণ শুদ্ধমর্চ্চনমেব কুর্ব্বতা সহ, কস্য পূর্ব্বং ভগবৎপ্রাপ্তিঃ স্যাদিতি স্পর্দ্ধয়া বহূন্ যজ্ঞান্ ভগবদর্পিতানপি সুষ্ঠু বিদধতো ন ভগবৎপ্রাপ্তিরভূৎ। কিন্তু বিপ্রস্য ভগবৎপ্রাপ্তৌ দৃষ্টায়াং তান্ পরিত্যজ্য "যৎস্পর্দ্ধয়া ময়া চৈতদ্-যজ্ঞদানাদিকং কৃতং। স বিষ্ণুরূপধৃগ্ বিপ্রো যাতি বৈকুণ্ঠমন্দিরম্। তস্মাদ্ যজ্ঞৈশ্চ দানৈশ্চ নৈব বিষ্ণুঃ প্রসীদতি। ভক্তিরেব পরং তস্য নিদানং তোষণে মতম্।। ইতি মুদ্গলং প্রত্যুক্ত্বা, বিষ্ণৌ ভক্তিং স্থিরাং দেহি মনোবাক্কায়কর্ম্মণা। ত্রিরুচ্চৈর্ব্যাজহারাসৌ হোমকুণ্ডাগ্রতঃ স্থিতঃ॥ ইত্যুক্ত্বা, শুদ্ধভক্তিশরণতামেব মুহুর্দৈন্যেনাঙ্গীকৃত্য হোমকুণ্ডে দেহং ত্যজতঃ পশ্চাদেব তৎপ্রাপ্তিরিতি। যোগানাদরেণাহ—যুঞ্জানানামভক্তানাং প্রাণায়ামাদিভির্মনঃ। অক্ষীণবাসনং রাজন্ দৃশ্যতে ক্বচিদুত্থিতম্॥ ১০২॥

অনন্তর শ্রীভগবৎসমর্পিত কর্ম্মের অনাদরপূর্ব্বক ভক্তির অভিধেয়ত্ব প্রদর্শন করাইয়াছেন। এই কথাটি শ্রীসূতমুনি শৌনকাদি মুনিগণের কিংকর্ত্তব্যতা বিষয়ক প্রশ্নের উত্তরে বলিয়াছেন যে—

তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চা নিত্যশঃ॥ ১১।২।১৪

হে মুনিবর্গ। যখন ধর্ম্ম অনুষ্ঠানে কেবল পরিশ্রমই সার হইয়া থাকে, তখন ভক্তিধর্ম্মের অনুষ্ঠান করাই কর্ত্তব্য। অতএব, একাগ্রচিত্তে ভক্তগণের পালনকর্ত্তা শ্রীভগবানের লীলাকথাই সর্ব্বদা শ্রবণ এবং কীর্ত্তন করা এবং